Code of Conduct of the Chairman of the Board, Other Board Members and The Managing Director of Walton Hi-Tech Industries Limited

1. Introduction:

The Code of Conduct for the Chairman of the Board, Other Board Members and The Managing Director of Walton Hi-Tech Industries Limited is formulated under the Clause 7 (a) of Corporate Governance Code 2018 of Bangladesh Securities and Exchange Commission Notification No: BSEC/CMRRCD/2006-158/207/Admin/80, Dated: June 03,2018 will be called Code of Conduct for the Chairman, other Board members and the Managing Director ("the Board" Collectively).

2. Applicability:

This Code Shall be applicable and binding upon the Chairman of the Board, Other Board Members and The Managing Director of the Company ("the Board" Collectively).

3. Conflict of Interest:

The Chairman of the Board, Other Board Members and The Managing Director of Walton Hi-Tech Industries Limited shall not enter into any transaction which is or is likely to be in conflict with the interest of the Company. They shall not take up any position or engagement that may be prejudicial to the interest of the Company and the minority Shareholders.

ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক-এর আচরন বিধি

১. সূচনাঃ

ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর বোর্ডের চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক-এর আচরন বিধি বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর নোটিশ নং-BSEC/CMRRCD/2006-158/207/Admin/80, তারিখ- ০৩ জুন ২০১৮, এ জারিকৃত কর্পোরেট গর্ভনেন্স কোড, ২০১৮-এর ধারা 7(a) এর অধীনে ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক (সম্মিলিতভাবে 'বোর্ড')-এর আচরন বিধি হিসেবে অভিহিত হবে।

২. প্রযোজ্যতাঃ

বিধি-টি কোম্পানির বোর্ড-এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক (সম্মিলিতভাবে 'বোর্ড')-এর জন্য প্রযোজ্য এবং আরোপিত হবে।

৩. স্বার্থ সংশ্লিষ্ট দ্বন্দ্বঃ

ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর বোর্ডের চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক এমন কোন কার্যে বা লেনদেন-এ জড়িত হবেন না যা কোম্পানির স্বার্থের সাথে দ্বন্দ্ব তৈরী করে বা করতে পারে। তাঁরা এমন কোন পদ গ্রহন বা চুক্তির সাথে যুক্ত হবেন না যা কোম্পানির এবং সংখ্যালঘু শেয়ারহোল্ডারগনের স্বার্থের জন্য ক্ষতিকর।

Any situation which may rise, or might rise to a conflict of interest shall be disclosed as soon as it arises.

দ্বন্দ্ব তৈরী করে বা করতে পারে এ ধরনের পরিস্থিতি তৈরী হওয়ার সাথে সাথেই তা আইন মোতাবেক প্রকাশ করতে হবে।

4. **Prudent Conduct and Behavior:**

The Chairman of the Board, Other Board Members and The Managing Director shall at all times in discharging their duties & responsibilities and act with honesty, ethics, in utmost good faith and to protect the best interest of the Company and minority shareholders.

৪. **আচরন ও ব্যবহারের ক্ষেত্রে বিচক্ষণশীলতা:**

বোর্ড-এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক তাদের দায়িত্ব ও কর্তব্য পালনের ক্ষেত্রে এবং কোম্পানির ও সংখ্যালঘু শেয়ারহোল্ডারগনের স্বার্থ রক্ষার ক্ষেত্রে সব সময় সর্বোচ্চ সততা, নৈতিকতা এবং সৎ অভিপ্রায় বজায় রাখবেন।

5. **Statutory Compliance, Rules and Regulation:**

The Chairman of the Board, Other Board Members and The Managing Director shall comply with laws, rules and regulations applicable to their roles, additionally, they shall be compliant to internal rules and regulation as may be approved by the Board from time to time.

৫. **বিধিবদ্ধ রীতি, আইন ও নিয়ম পালনের ক্ষেত্রে:**

বোর্ড-এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক তাদের জন্য প্রযোজ্য বিধি, আইন ও নিয়মের প্রতি অনুগত হবেন একইসাথে বোর্ড কর্তৃক সময় সময় অনুমোদিত অভ্যন্তরীন বিধি ও নিয়মনীতি প্রতিপালন করবেন।

6. **Prohibition of Insider Trading:**

The Chairman of the Board, Other Board Members and The Managing Director shall observe all applicable insider Trading Legislation and Regulation, including the duties of the confidentiality and prohibitions against Trading, and shall comply with the Insider Trading Manual of the Company, as amended from time to time. This includes the prohibition to purchase or sell the Company's securities on the basis of any undisclosed price sensitive information and also the prohibition to disclose such information to any other person (including relatives).

৬. **ইনসাইডার ট্রেডিং বিধিনিষেধ:**

বোর্ড-এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক, গোপনীয়তা ও ইনসাইডার ট্রেডিং-এর বিধিনিষেধ সংক্রান্ত কার্যক্রম ও তা প্রতিপালনে তাদের দায়িত্ব ও কর্তব্য সহ সকল প্রযোজ্য প্রণীত আইন ও নিয়ম সমূহ প্রতিপালন করবেন এবং কোম্পানি কর্তৃক প্রণীত ও সময়ে সময়ে সংশোধিত কোম্পানির ইনসাইডার ট্রেডিং ম্যানুয়াল-এর অনুসরন করবেন। অপ্রকাশিত প্রাইস সেনসিটিভ তথ্যের উপর ভিত্তি করে কোম্পানির সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিধিনিষেধ এবং এ ধরনের তথ্য কারো কাছে (আত্মীয় সহ) প্রকাশের ক্ষেত্রে বিধিনিষেধ ও এর অর্ন্তভূক্ত হবে।

7. **Relationship with environment, employees, customers and suppliers:**

The Chairman of the Board, Other Board Members and The Managing Director are expected to monitor that the Company complies with the applicable laws, rules and regulation of the Country related to the environment, employees, customers and suppliers. They shall deal fairly with competitors, employees, customers and suppliers accordance with the law.

৭. **পরিবেশ, কর্মী, গ্রাহক ও সাপ্লাইয়ার-এর সাথে সম্পর্ক:**

বোর্ড-এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানি তার পরিবেশ, কর্মকর্তা/কর্মচারী, গ্রাহক ও সাপ্লাইয়ার-এর ক্ষেত্রে প্রযোজ্য বিধি, আইন ও নিয়মনীতি অনুসরন করা হচ্ছে কিনা সে বিষয়ে মূল্যায়ন করবেন। তারা আইন অনুসারে প্রতিদ্বন্দ্বী, কর্মকর্তা/কর্মচারী, গ্রাহক ও সাপ্লাইয়ার-এর সাথে ন্যায্য আচরন করবেন।

8. **Independency:**

The Chairman of the Board, Other Board Members and The Managing Director shall exhibit high standards of integrity, commitment and independence in regard to discharge of their respective duties and responsibilities entrusted upon them, within the jurisdiction of the law and the best interest of the Company.

৮. **স্বাধীনতা:**

বোর্ড-এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক তাদের উপর অর্পিত দ্বায়িত্ব ও কর্তব্য পালনের ক্ষেত্রে আইন অনুসারে কোম্পানির স্বার্থ রক্ষার জন্য সর্বোচ্চ একাগ্রতা, অঙ্গীকার, এবং স্বাধীনভাবে তাদের উপর ন্যস্ত দ্বায়িত্ব পালনে সচেষ্ট থাকবেন।

9. **Confidentiality:**

The Chairman of the Board, Other Board Members and The Managing Director shall maintain the Confidentiality of information not generally known to the Public and entrusted to them, except when disclosure is authorized or legally permissible.

৯. **গোপনীয়তা:**

বোর্ড-এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক, এমন তথ্যের গোপনীয়তা রক্ষা করবেন বা প্রকাশ করবেন না যা সর্বসাধারনের কাছে প্রকাশের ক্ষেত্রে আইনগত বাধা রয়েছে বা তাদের উপর উক্ত তথ্যের গোপনীয়তা রক্ষা করার দ্বায়িত্ব বর্তায়, যতক্ষন না তারা আইনগতভাবে উক্ত তথ্য প্রকাশের জন্য অনুমোদিত হন।

10. **Amendments to this Code:**

Subject to recommendations from the Remuneration and Nomination Committee (NRC), the Board of Director, from time to time may amended or modified the provisions of this Code.

১০. **বিধির সংশোধন:**

কোম্পানির পরিচালনা পর্ষদ সময়ে সময়ে নমিনেশন ও রেমুনারেশন কমিটির সুপারিশক্রমে এই বিধি সময় সময় সংশোধন বা পরিবর্তন করবেন।